Department of Education
Carmen Fariña, Chancellor

Sophia Pappas
Chief Executive Officer
Division of Early Childhood Education

52 Chambers Street
Room 413
New York, NY 10007

212 374 0351 tel
212 374 5760 fax

সে টম্ট বর 2016

প্রিয় মাতা-পিতা/অভিভাবকগণ,

এই স্কুল বর্ষে আপনি এবং আপনার সন্তান আমাদের প্রাক শিশুবিদ্যালয় কার্যক্রম(pre-K প্রোগ্রাম)গুলির একটিতে অংশগ্রহণ করছেন বলে আমরা উৎসাহিত। আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকা এবং ব্যবস্থাপক আপনার সন্তানকে সারা জীবনের শিক্ষণ এবং শিশুবিদ্যালয় শিক্ষণের জন্য প্রয়োজনীয় ভিত প্রদান করতে আনন্দপূর্ণ এবং মিথস্ক্রিয় পাঠের মাধ্যমে সহায়তা করে। এই প্রচেষ্টাগুলির মধ্যে অন্তর্ভূক্ত হল বিশাল পরিসরের সামাজিক এবং শিক্ষাগত দক্ষতার ক্ষেত্রে আপনার সন্তানের অগ্রগতিকে পর্যবেক্ষণ করা এবং সহায়তা করা এবং তার সাথে সাথে সমগ্র স্কুল বর্ষ জুড়ে ভাষার বিকাশ ঘটানো।

বছরের শুরুতে, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্ডেন (প্রাক শিশুবিদ্যালয়) বিধিনিয়ম অনুসারে সম্ভাব্য বিকাশ এবং নির্দেশনামূলক প্রয়োজনের জন্য কার্যক্রমগুলি শিক্ষার্থীদের স্ক্রিন (বাছাই) করে। আর্লি ইনভেন্টরি স্ক্রিনিং-রিভাইসড (ESI-R®) অথবা একটি তুলনাক্ষম উন্নয়নশীল স্ক্রিনিং সাধনী(কমপেয়ারেবল ডেভেলপমেন্টাল টুল)-এর মাধ্যমে ভর্তির ৪৫ দিনের মধ্যে আপনার সন্তানকে স্ক্রিন করা হবে।

এই স্ক্রিনিংটি আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকাকে আপনার সন্তানের বিকাশ এবং নির্দেশমূলক প্রয়োজনগুলি সম্বন্ধীয় বিভিন্ন দিকগুলি আরও ভালভাবে বুঝতে সাহায্য করবে। এই স্ক্রিনিং শিশুবিদ্যালয়ের প্রস্তুতি নির্ধারণ করে না। এটি IQ অথবা গিফটেড ও ট্যালেন্টেড প্রোগ্রামে ভর্তি সম্বন্ধীয় পরীক্ষা নয়। আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকা আপনাকে এই স্ক্রিনিং-এর ফলাফল সম্বন্ধে অবহিত করবেন।

আমরা আপনাকে এই পিতামাতা প্রশ্নাবলীটি পূরণ করতে এবং ফেরৎ পাঠাতে বলছি যা আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকার আপনাকে প্রদান করবে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকার সাথে অথবা earlychildhood@schools.nyc.gov তে আমাদের অফিসে যোগাযোগ করুন।

শৈশব শিক্ষা উপাদানের ব্যাপারে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটটি পরিদর্শন করুন
http://schools.nyc.gov/Academics/EarlyChildhood/parentfamilies/resources.htm

ভবদীয়,

সোফিয়া পাপাস